

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি

নং-২০২৩/৮/৫-১

বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪ তম জন্মবার্ষিকীতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে আলোচনাসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

ঢাকা, ৫ আগস্ট ২০২৩ (শনিবার)

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (৫ আগস্ট) সকালে রাজধানীর ফার্মগেটে প্রাণিসম্পদ অধিদপ্তরের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক ডা. এমদাদুল হক তালুকদারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ড. নাহিদ রশীদ। মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক খ. মাহবুবুল হক, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের পরিচালক (অর্থ) মো. ফজলুল হক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের উপপরিচালক ডা. সঞ্জীব সূত্রধর এবং বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের রেজিস্ট্রার ডা. গোপাল চন্দ্র বিশ্বাস আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন। স্বাগত বক্তব্য প্রদান করেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব নীলুফা আক্তার। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর-সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ আলোচনা সভায় উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে মৎস্য ও প্রাণিসম্পদ সচিব বলেন, বীর মুক্তিযোদ্ধা শেখ কামালের জীবনী নিয়ে আরও গবেষণা হওয়া প্রয়োজন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত বড় মানুষ ছিলেন, কত বড় একজন নেতা ছিলেন সেটা আমরা সবাই জানি। জাতির পিতার জ্যেষ্ঠ পুত্র শেখ কামাল তাঁর মধ্যে বাবার গুণাবলী ধারণ করেছিলেন। চালচলন ও পোশাক-পরিচ্ছদে শেখ কামাল ছিলেন অতি সাধারণ। বিনয় ছিল তার চরিত্রের অন্যতম বৈশিষ্ট্য।

তিনি আরও বলেন, পড়াশোনার বাইরেও সাংস্কৃতিক ও ক্রীড়া জগতে শেখ কামালের ছিল ব্যাপক আধিপত্য। তিনি বড় মাপের একজন আলোকিত মানুষ ছিলেন। আলোকিত পারিবারের শিক্ষা তাঁকে আলোকিত করেছে। তিনি ছিলেন দেশের ক্রীড়াঙ্গানের উজ্জ্বল নক্ষত্র। তিনি বেঁচে থাকলে দেশের ক্রীড়াকে অনন্য উচ্চতায় নিয়ে যেতেন। যেটি এখন করছেন বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

আলোচনা সভা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদের স্মরণে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এর আগে রাজধানীর ধানমন্ডিস্থ আবাহনী মাঠে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর প্রতিকৃতিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পক্ষে শ্রদ্ধা নিবেদন করেন মৎস্য ও প্রাণিসম্পদ সচিব ড. নাহিদ রশীদ। এ সময় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর-সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

মোঃ ইফতেখার হোসেন

জনসংযোগ কর্মকর্তা

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০